

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ০১০. ২০১৬- ১২৪২

তারিখঃ ৮/৭/১৬


বিষয়ঃ রীট পিটিশন নং-৫০২/২০১৬ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-২ শাখার গত ১৩-০৪-২০১৬খ্রিঃ তারিখের ৪৫২ সংখ্যক আ্রক।

কক্সবাজার জেলার কুতুবদিয়া উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব এ.টি.এম নূরুল বশর চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৫০২/২০১৬নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত গত ১৯-০১-২০১৬খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০২(দুই) মাসের স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকেট করার ব্যবস্থা গ্রহণের জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী জনাব সালাউদ্দিন ইস্কান্দার(কিং)-কে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত স্থগিতাদেশের মেয়াদ মহামান্য হাইকোর্ট বিভাগের গত ০৯-০৩-২০১৬খ্রিঃ তারিখের আদেশমূলে আরও ০৬(ছয়) মাস বৃদ্ধি করা হয়। উক্ত আদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ আদেশটি ভ্যাকেট করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বিষয়ে বর্ণিত রীট পিটিশনে প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে আপীল দায়েরসহ সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের নিয়োগকৃত বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার রুল, আরজি ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
৯৫৪০৯৯৫

জনাব সালাউদ্দিন ইস্কান্দার (কিং)
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।